আইসিটি সেল
- [x] প্রোগ্রামার
- [ ] সহকারী প্রোগ্রামার
- [ ] সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং:২৪.০০.০০০০.১১৯.১৮.০০১.১৫/৮৯

তারিখ: ২১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ / ৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ২০/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত পাটের বহুমূখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার (Eco-Friendly and Paper Processing from Jute) বিষয়ক প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন বিষয়ে গঠিত টেকনিক্যাল কমিটির প্রতিবেদনের সুপারিশ পর্যালোচনা এবং করণীয় নির্ধারণ সংক্রান্ত সভা।**

গত ২০/০৩/২০১৮ তারিখ মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাটের বহুমূখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার (Eco-Friendly and Paper Processing from Jute) বিষয়ক প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন বিষয়ে গঠিত টেকনিক্যাল কমিটির প্রতিবেদনের সুপারিশ পর্যালোচনা এবং করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৪/৪/১৮

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৩৭৫৫
Email:- jute2.motj@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, আদমজী কোর্ট, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২। অতিরিক্তসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়ঢাকা ,বাংলাদেশ সচিবালয় ,
০৩। ইঞ্জিনিয়ার শেখর ভট্টাচার্য দিলকুশা ৩১-৩০ ,বিসিআইসি ,অতিরিক্ত প্রধান প্রকৌশলী ,বাএ ঢাকা।/
০৪। বাবুল চন্দ্র রায় ,উপদেষ্টা ,বাংলাদেশ পাটকল করপোরেশন, আদমজী কোর্ট, মতিঝিল, বা/এ, ঢাকা।
০৫। ইঞ্জিনিয়ার মাহবুবুর রহমান, কারিগরি উপদেষ্টা, বাংলাদেশ পাটকল করপোরেশন, মতিঝিল, বা/এ, ঢাকা।
০৬। ডঃ খুদিরাম ভৌমিক, প্রাক্তন, মহাব্যবস্থাপক, বিসিআইসি, ৩০-৩১ দিলকুলা বা/এ, ঢাকা।
০৭। ডঃ আবুল কালাম আজাদ, পরিচালক, বিজেআরআই, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। ডঃ সারোয়ার জাহান, পরিচালক, কাগজ ও মন্ড গবেষনা, বিজেআরআই, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
০৯। জনাব আবুল কাসেম খান, সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিঝিল বা/এ ঢাকা।
১০। জনাব রাশেদুল করিম মুন্না, কনভেনার, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিঝিল বা/এ ঢাকা।
১১। জনাব এ,এইচ, এম রেজাউল কবির, সেক্রেটারী জেনারেল, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিঝিল বা/এ ঢাকা।

**অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। অফিস কপিমষ্টার ফাইল/।

Meeting Minors.doc /Asfima

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

**বিষয়: পাটের বহুমুখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার** (Eco-Friendly Pulp and Paper Processing from Jute)" বিষয়ক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মির্জা আজম, প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২০/০৩/২০১৮ খ্রি:, রোজ মঙ্গলবার |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিদের নামের তালিকা "**পরিশিষ্ট-ক**" তে সংযুক্ত করা হলো ।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে দায়িত্ব প্রাপ্ত সচিব সভার কাজ শুরু করেন এবং উপস্থিত সকলকে নিজ পরিচয় প্রদানের অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (পাট-২) সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে, গত ১৩মে, ২০১৭ তারিখে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে আয়োজিত "পাট হতে পরিবেশবান্ধব পাল্প ও কাগজ প্রস্তুত" বিষয়ক সেমিনারে **পাটের বহুমুখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার** (Eco-Friendly Pulp and Paper Processing_from Jute)" নামীয় প্রকল্পের প্রস্তাব করা হয়। উক্ত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ডিসিসিআই কর্তৃক জাতীয় পর্যায়ে একটি টাস্কফোর্স গঠনের প্রস্তাব করা হয়। এ প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ে গত ০৮/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় একটি টেকনিক্যাল কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। গঠিত টেকনিক্যাল কমিটি একটি প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনে সুপরিশসমূহের পর্যালোচনা এবং করনীয় নির্ধারণের লক্ষ্যে এ সভাটি আহবান করা হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে টেকনিক্যাল কমিটির আহবায়ক ও চেয়ারম্যান, বিজেএমসি কমিটি গঠনের পটভূমি এবং কমিটির প্রতিবেদন সম্পর্কে তুলে ধরেন। তিনি বলেন পাট হতে মন্ড ও কাগজ প্রস্তুতের জন্য মিল স্থাপনের পূর্বে Pre-feasiblility study, Piolt Plant study, feasiblility study & Finally mill establishment- এ ৪টি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। তিনি আরও বলেন এ ধরনের ষ্টাডি বাংলাদেশের সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ এবং আন্তর্জাতিকভাবে খ্যাতি সম্পন্ন Pulp and Paper Consulting Company দ্বারা করা হলে তা বিনিয়োগ আকর্ষনের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যয় ডিসিসিআই, প্রাইভেট সেক্টর অথবা বিজেএমসি'র মাধ্যমে বহন করা যেতে পারে। তবে বিজেএমসিকে ব্যয় বহন করতে হলে পিপিআর অনুসরণ করতে হবে, সেক্ষেত্র সম্পূর্ন প্রক্রিয়া সম্পন্ন করতে ৫-৬ সপ্তাহ সময় লাগবে। কনভেনার, ডিসিসিআই বলেন ভিসকস এর বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করার জন্য বিজেএমসি কর্তৃক যে Consultant গ্রুপকে নিয়োগ প্রদান করা হয়েছে তাদেরকে এ দায়িত্ব প্রদান করা যেতে পারে। এ পর্যায়ে সভাপতি বলেন PPR অনুসরন করে পাট থেকে মন্ড উৎপাদনের বিষয়ে বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করার জন্য একই প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সুযোগ আছে কিনা তা বিজেএমসি পরীক্ষা করে দেখবে। যদি সুযোগ থাকে এ বিষয়ে কার্যাদেশ প্রদান করবে এবং এ ব্যয় বিজেএমসি বহন করবে। পিপিআর অনুযায়ী কার্যাদেশ প্রদানের সুযোগ না থাকলে পৃথকভাবে কাজটি সম্পন্ন করার জন্য বিজেএমসি তাদেরকে অনুরোধ করবে। এক্ষেত্রে ডিসিসিআই এবং পাট সংশ্লিষ্ট স্টেক হোল্ডারগন প্রয়োজনীয় খরচ বহন করতে পারে।

অপর পাতায়

০৩। সভায় সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স, যুগ্মসচিব, ডিসিসিআই, কনভেনার, ডিসিসিআই **পাটের বহুমুখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার** (Eco-Friendly and Paper Processing_from Jute)" নামীয় প্রকল্প গ্রহণের উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন বেসরকারি পর্যায়ে বাণিজ্যিক ভিত্তিতে মন্ড তৈরি করা যাবে কিনা এ বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের পাশাপাশি সরকারি নীতি সহায়তা প্রয়োজন। চেয়ারম্যান, ডিসিসিআই তাদের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। এছাড়া উপস্থিত অন্যান্য সদস্যগণও এ মর্মে মত প্রকাশ করেন মন্ড তৈরির প্রকল্প বাস্তবায়িত হলে সরকারের 'এসডিজি ' বাস্তবায়নেও তা সহায়ক ভূমিকা রাখবে।

০৪। সভায় কনভেনার, ডিসিসিআই বলেন, জুট সেক্টরের উন্নয়নের নিমিত্ত একটি দীর্ঘ মেয়াদী Strategic Plan করা যেতে পারে এবং এ Plan করার জন্য একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যায়। এ পর্যায়ে সভাপতি মন্ত্রণালয়, পাট সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান এবং স্টেক হোল্ডারদের সমন্বয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠনের এবং এ কমিটিকে ৭(সাত) দিনের মধ্যে প্রথম সভা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। বিস্তারিত আলোচনার পর নিম্মোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়ঃ-

৫.০১ ভিসকস এর বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করার জন্য বিজেএমসি কর্তৃক যে Consultant গ্রুপকে নিয়োগ প্রদান করা হয়েছে PPR অনুসরন করে পাট থেকে মন্ড উৎপাদনের বিষয়ে বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করার জন্য তাদেরকে কার্যাদেশ প্রদানের সুযোগ আছে কিনা তা বিজেএমসি পরীক্ষা করে দেখবে। যদি সুযোগ থাকে এ বিষয়ে কার্যাদেশ প্রদান করবে এবং এ ব্যয় বিজেএমসি বহন করবে। পিপিআর অনুযায়ী কার্যাদেশ প্রদানের সুযোগ না থাকলে পৃথকভাবে কাজটি সম্পন্ন করার জন্য বিজেএমসি তাদেরকে অনুরোধ করবে। এক্ষেত্রে ডিসিসিআই এবং পাট সংশ্লিষ্ট স্টেক হোল্ডারগনের সহযোগিতায় প্রয়োজনীয় খরচ বহন করা হবে ;

৫.০২। পাটখাতের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে Strategic Planning for Jute Sector (2018-2041) প্রণয়নের বিষয়ে সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হবে;

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, বিজেএমসি | সভাপতি |
| (২) | অতিরিক্ত সচিব (বস্ত্র-২) | সদস্য |
| (৩) | অতিরিক্ত সচিব (পাট) | সদস্য |
| (৪) | জনাব বাবুল চন্দ্র রায়, উপদেষ্টা, বিজেএমসি | সদস্য |
| (৫) | মহা- রিচালক, পাট অধিদপ্তর- | সদস্য |
| (৬) | মহা-পরিচালক, বিজেআরআই- | সদস্য |
| (৭) | নির্বাহী পরিচালক, জেডিপিসি | সদস্য |
| (৮) | ডিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| (৯) | বিজেএমএ এর প্রতিনিধি | সদস্য |
| (১০) | বিজেএসএ এর প্রতিনিধি | সদস্য |
| (১১) | পরিচালক (অর্থ), বিজেএমসি- | সদস-সচিব |

অপর পাতায়

কমিটির কার্যপরিধিঃ

(ক) পাটখাতের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে Strategic Planning for Jute Sector (2018-2041) প্রণয়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) কমিটি গঠনের ৭(সাত) দিনের মধ্যে কমিটি প্রথম সভা করবে।

(গ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কমিটি আগামী ৩(তিন) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। প্রয়োজনে কমিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সময় বৃদ্ধি করতে পারবে।

৫.০৩ যে সকল এলাকায় পাট উৎপাদন বেশী হয় সে সকল এলাকায় পাট থেকে মন্ড তৈরির জন্য বিভিন্ন আকারের (ক্ষুদ্র, মাঝারী, বৃহৎ) শিল্প প্রতিষ্ঠান স্থাপনের বিষয়ে প্রাক সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বিজেএমসি কমিটি গঠন করবে এবং মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

০৬। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৬/১৮

( মির্জা আজম, এম পি)
প্রতিমন্ত্রী।

পাটের বহুমুখীকরণ (মন্ড ও কাগজসহ) উৎপাদন প্রক্রিয়া এবং পরিবেশ বান্ধব ব্যবহার "(Eco-Friendly and Paper Processing from Jute)" বিষয়ক প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন বিষয়ে গঠিত টেকনিক্যাল কমিটি প্রতিবেদনের সুপারিশ পর্যালোচনা এবং করনীয় নির্ধারণ বিষয়ে ২০/৩/২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য সভায় কর্মকর্তা/প্রতিনিধিগণের উপস্থিতি সংক্রান্তঃ

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | টেলিফোন/ মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | ড. মো: মাহমুদুল হাসান, [illegible], বিজেএমসি | 01708458880 | — | [signature] 20/03/18 |
| ২। | মোঃ রেজাউল কাদের, অতিরিক্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | 01711-181019 | — | [signature] 20/03/18 |
| ৩। | আবুল কাশেম খান, সভাপতি, DCCI | 01819210210 | | [signature] |
| ৪। | ড. মো: [illegible], অতি: সচিব | 01711-441[illegible] | | [signature] 20/03/18 |
| ৫। | মো: [illegible] | 01711540958 | | [signature] |
| ৬। | মাহবুবুর রহমান | ০১৮১১-১০৬৯৬৬ | techtrade@citech.net | [signature] 20/3/18 |
| ৭। | ড. মো: [illegible], পরিচালক, বিসিএসআইআর [illegible], ঢাকা | 01711-[illegible] | jahan@bcsir.gov.bd | [signature] 20/3/18 |
| ৮। | [illegible] (NIPCO) | 0172925494 0 | babul.nipco@yahoo.com | [signature] 20/3/18 |
| ৯। | [illegible] | 01738184866 | takhter2000@yahoo.com | [signature] 20/3/18 |
| ১০। | সৈয়দ আবদুল মমিন | 01916-044166 | | [signature] 20/3/18 |
| ১১। | [illegible], অতি: সচিব | 01552472434 | | [signature] 20/3/18 |
| 12. | M. Fazlul Karim, Joint Secretary, DCCI | 01911-297884 | fazlul.karim@dhakachamber.com | [signature] 20/03/18 |